# সহীহ শামায়েলে তিরমিযী

## হাদিস নাম্বারঃ ৩১

৫. রাসূলুল্লাহ (ﷺ) এর বার্ধক্য (باب ما جاء في شيب رسول الله ﷺ)

---

### আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ ، وَيَحْيَى بْنُ مُوسَى ، قَالا : حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ ، عَنْ مَعْمَرٍ ، عَنْ ثَابِتٍ ، عَنْ أَنَسٍ ، قَالَ : " مَا عَدَدْتُ فِي رَأْسِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلِحْيَتِهِ , إِلا أَرْبَعَ عَشْرَةَ شَعْرَةً بَيْضَاءَ " .

### বাংলা

তাঁর মাথা ও দাড়িতে মাত্র ১৪টি সাদা চুল ছিল :

৩১. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাথা ও দাড়িতে মাত্র ১৪টি সাদা চুল গণনা করেছি।[1]

### ফুটনোট

[1] মুসনাদে আহমাদ, হা/১২৭১৩; শারহুস সুন্নাহ, হা/৩৬৫৩; সহীহ ইবনে হিব্বান, হা/৬২৯৩; মুসান্নাফে আবদুর রাযযাক, হা/২০১৮৫।

### ব্যাখ্যা

রাসূলুল্লাহ (সাঃ) এর অতি স্বল্প পরিমাণ সাদা চুল ছিল। তবে এর পরিমাণ নিয়ে মতভেদ রয়েছে। এ হাদীসে ১৪টির কথা বলা হয়েছে। আর কোন বর্ণনায় ১৭টি, কোন বর্ণনায় ১৮টি, আবার কোন বর্ণনায় ২০টির কথা উল্লেখ রয়েছে। আসলে এসব বর্ণনাতে কোন বৈপরিত্য নেই। কারণ প্রত্যেকটি বর্ণনা আলাদা সময়ের সাথে অথবা বিভিন্ন জনের গণনার পার্থক্যের কারণে এ বৈপরিত্য সৃষ্টি হয়েছে। তবে প্রত্যেক রিওয়ায়াতের উদ্দেশ্য হলো রাসূলুল্লাহ (সাঃ) এর সাদা চুল স্বল্প ছিল, এটাই বুঝানো। মাথায় তৈল ব্যবহার করলে সাদা চুল দেখা যেত না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন